

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৮- ৮৮

তারিখ: ১২ ভাদ্র ১৪২৫  
২৭ আগস্ট ২০১৮

প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের ১২ জানুয়ারি, ২০১১ তারিখের ০৪.২২২.০৫৮.০০.০০.০১৪.২০১০-১৫৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত 'জেলা সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি পরিবীক্ষণ কমিটি' নিম্নরূপে পুনর্গঠন করিয়াছে :

(ক) কমিটির নাম: 'সামাজিক নিরাপত্তা সংক্রান্ত জেলা ব্যবস্থাপনা কমিটি' [District Management Committee (DMC) on Social Security].

(খ) কমিটির গঠন :

(১) জেলা প্রশাসক	সভাপতি
(২) উপ-পরিচালক, স্থানীয় সরকার	সদস্য
(৩) সিভিল সার্জন	সদস্য
(৪) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)	সদস্য
(৫) উপ-পরিচালক, কৃষি	সদস্য
(৬) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	সদস্য
(৭) জেলা মৎস্য কর্মকর্তা	সদস্য
(৮) উপ-পরিচালক, বিআরডিবি	সদস্য
(৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক	সদস্য
(১০) জেলা সমবায় কর্মকর্তা	সদস্য
(১১) জেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য
(১২) জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা	সদস্য
(১৩) উপ-পরিচালক, যুব উন্নয়ন	সদস্য
(১৪) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা	সদস্য
(১৫) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
(১৬) জেলা পরিসংখ্যান কর্মকর্তা	সদস্য
(১৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল)	সদস্য
(১৮) সহকারী জেনারেল ম্যানেজার বা তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা, সোনালী ব্যাংক লিঃ, জেলা শাখা	সদস্য
(১৯) মেয়র (সকল পৌরসভা)/সিটি কর্পোরেশনের প্রতিনিধি	সদস্য
(২০) কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা সংসদ	সদস্য
(২১) উপ-পরিচালক, সমাজসেবা	সদস্য-সচিব

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) কমিটির কার্যপরিধি :

- (১) জেলা পর্যায়ে সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ এবং এই বিষয়ে বিভাগীয় কমিশনার বরাবর নিয়মিত প্রতিবেদন প্রেরণ;
  - (২) জেলা পর্যায়ে সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নকারী বিভিন্ন দপ্তর, উপজেলা এবং পৌরসভা/সিটি কর্পোরেশনের কার্যক্রম সমন্বয় এবং সুবিধাভোগীদের ডিজিটাল ডাটাবেইজ সংরক্ষণ।
  - (৩) স্থানীয় পর্যায়ে গৃহীত সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহ, NSSS-এ বর্ণিত জীবনচক্র কাঠামো (Lifecycle Framework)-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কিনা সেই বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণের প্রতিবেদন পর্যালোচনা;
  - (৪) সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের আর্থিক সহায়তা বা ভাতা সরাসরি 'সরকার থেকে ব্যক্তি' (G2P) পদ্ধতিতে বিতরণের জন্য সংশ্লিষ্ট দপ্তর এবং ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান;
  - (৫) স্থানীয় পর্যায়ে সামাজিক নিরাপত্তার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রাকৃতিক দুর্যোগ বা জলবায়ুর উপর প্রভাব, জেডার সমতা, প্রান্তিক জনগোষ্ঠী, নগর কেন্দ্রিক দারিদ্র্য ইত্যাদি বিষয় পর্যালোচনা;
  - (৬) বাংলাদেশের জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) এবং সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য কার্যক্রম;
- (ঘ) কমিটি প্রতি দুই মাসে অন্তত একটি সভা আয়োজন করিবে।
- (ঙ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।
- ০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(ড. আবু সালেহ মোস্তফা কামাল)  
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)  
ফোন: ৯৫৭১৬০০।

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৮-৮৮

তারিখ: ১২ ভাদ্র ১৪২৫  
২৭ আগস্ট ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব .....  
মন্ত্রণালয়/বিভাগ/কমিশন।
- ৪। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা ও ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড।
- ৬। বিভাগীয় কমিশনার (সকল)----- বিভাগ।
- ৭। যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

